## The Bangladesh Monitor - A Premier Travel Publication



Date: 02 December, 2023

## হিপ্রো বিমানবন্দরের মালিকানা কিনছে সউদী

## - A Monitor Desk Report



লন্ডনের হিপ্রো বিমানবন্দরের ১০ শতাংশ মালিকানা শেয়ার কিনতে যাচ্ছে সউদী আরবের পাবলিক ইনভেস্টমেন্ট ফান্ড (পিআইএফ)। স্পেনের অবকাঠামো জায়ান্ট ফেরোভিয়ালের কাছ থেকে হিপ্রোর শেয়ার কিনছে সউদী যুবরাজ মোহাম্মদ বিন সালমানের কর্তৃতাধীন বিনিয়োগ ফান্ডটি।

সংবাদমাধ্যমের এক খবরে বলা হয়েছে, ফেরোভিয়াল ২০০৬ সাল থেকে হিথ্রো বিমানবন্দরের একটি অংশীদারত্বের মালিক। বর্তমানে তাদের হাতে থাকা ১০ শতাংশ অংশের মূল্য ৩ বিলিয়ন ডলার। এটিই বিক্রি করছে সউদী আরবের পিআইএফের কাছে। ফেরোভিয়ালের মূল কোম্পানি এফজিপি টপকোর মালিকানাধীন আরও ১৫ শতাংশ শেয়ার কিনে নিচ্ছে ফ্রেঞ্চ-ভিত্তিক প্রাইভেট ইকু্যুইটি ফান্ড আরডিয়ান।

আরও পড়ুন: বিজয় দিবসে বিমানের ঢাকা-চেন্নাই ফ্লাইট শুরু

ফেরোভিয়ালের তথ্যানুযায়ী, আর্থিক লেনদেন কী উপায়ে করা হবে, সেটি পিআইএফের নিয়ন্ত্রক কর্তৃপক্ষ বিধি মোতাবেক খতিয়ে দেখছে। বিষয়টি অনুমোদিত হলে চুক্তিটি হিপ্রো বিমানবন্দর পরিচালনায় ফেরোভিয়ালের বিনিয়োগের অবসান ঘটাবে। শুরুতে এফজিপি টপকোসহ ফেরোভিয়ালের হাতে শেয়ার মালিকানা ছিল ৫৬ শতাংশ, পরে ২০১৩ সালে কিছু শেয়ার ছেড়ে দেয় কোম্পানিটি। এতে তাদের মালিকানা ২৫ শতাংশে নেমে আসে। এফজিপি টপকোর অন্য স্টেকহোল্ডারদের মধ্যে রয়েছে কাতার ইনভেস্টমেন্ট অথরিটি, সিঞ্চাপুরের জিআইসি, অস্ট্রেলিয়ান রিটায়ারমেন্ট ট্রাস্ট, চায়না ইনভেস্টমেন্ট করপোরেশন এবং ইউনিভার্সিটি সুপার অ্যানুয়েশন স্কিম।

লন্ডনের হিথ্রো আন্তর্জাতিক বিমানবন্দরটি সাম্প্রতিক বছরগুলোতে লোকসানের মধ্যে পড়েছে। করোনা মহামারি পরিস্থিতির পর থেকেই যাত্রী কমে যাওয়ায় এবং করের বাড়তি বোঝার কারণে নিট লোকসানে চলছে বিমানবন্দরটি। এরই মধ্যে মালিকানা শেয়ার কিনতে যাছে সউদীর পিআইএফ। সউদী আরবের যুবরাজ মোহাম্মদ বিন সালমান বিনিয়োগ ফান্ডটি নিয়ন্ত্রণ করে থাকেন। পিআইএফ মূলত বিশ্বের অন্যতম স্বাধীন বিনিয়োগ তহবিল, যাদের মালিকানায় রয়েছে তেলসম্পদ, আর এ কারণেই ৭০০ বিলিয়ন ডলারের বেশি সম্পদের মালিক পিআইএফ। বিনিয়োগ তহবিলটি সম্প্রতি ফুটবল ও গলফের মতো খেলায় বিনিয়োগ করেছে। ইংলিশ প্রিমিয়ার লিগের বিখ্যাত ক্লাব নিউক্যাসেল

-B